গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
আইন ও পলিসি শাখা

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খায়রুল আমীন মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১৫/০৮/২০২২
সভার সময়	সকাল ০৯: ৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ ও অনলাইন প্লাটফর্ম, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (আইন ও পলিসি) কে অনুরোধ করেন। সহকারী পরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পার লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রমসমূহের ১ম ত্রৈমাসিকের এপর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) <u>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:</u>

ক্র.ম.	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে।	১০০%
২.	কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন করা হয়েছে।	১০০%
	কর্মসম্পাদন সূচক ১.৩ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন অব্যাহত রয়েছে।	১০০%
৪.	কর্মসম্পাদন সূচক ১.৪ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করতে হবে এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বিভাগে প্রেরণ করতে হবে ।	কার্যক্রম চলমান রয়েছে।	-
৫.	নির্ধারিত সময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	১০০%
৬.	কর্মসম্পাদন সূচক ২.২ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা রয়েছে।	১০০%

(খ) <u>সভার আলোচনা ও সিদ্ধান্ত:</u>

সভায় ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোল্ডার সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। অত:পর স্টেকহোল্ডারদের আলোচনান্তে উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত নাগরিক সেবা ও প্রাতিষ্ঠানিক সেবাসমূহ নিয়ে স্টেকহোল্ডার সদস্যদের অবহিত করা হয়। তারা এজেন্সির সিটিজেন চার্টারে প্রদানকৃত সেবাসমূহের আরও প্রচার প্রয়োজন বলে মতামত প্রদান করেন। সভাপতি এজেন্সি হতে প্রদানকৃত সেবার বিষয়ের অনলাইন প্ল্যাটফর্মে আরো প্রচারের উপর গুরুত্বারোপ করেন।	অত্র এজেন্সি হতে প্রদানকৃত সেবার বিষয়ের অনলাইন প্ল্যাটফর্মে আরো প্রচার করতে হবে।	কর্মকর্তা(সকল)
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৪ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে। সভায়, এ বিষয়ে বিশদ আলোচনা করা হয় এবং সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ ও ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন।	এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) নিয়মিত আপডেট করে ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	ফোকাল পয়েন্ট

০২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৫.০০০০.০১৪.১৬.০০২.২২.৭৯

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) দপ্তর/ সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

২) পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সংস্থা-১ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫) উপ-পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

৬) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোহাম্মদ আনোয়ার হোসেন
উপ-পরিচালক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)